

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩৬২৮

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - দণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে বন্ধু'আ না করা

আরবী

وَعَنْ خُزَيْمَةَ بْنِ ثَابِتٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَصَابَ ذَنْبًا أُقِيمَ عَلَيْهِ حَدُّ ذَلِكَ الذَّنْبِ فَهُوَ كَفَارَتُهُ» رَوَاهُ فِي شَرْحِ السُّنَّةِ

বাংলা

৩৬২৮-[৪] খুযায়মাহ্ ইবনু সাবিত (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোনো অপরাধ করে এবং তার ওপর ঐ অপরাধের দণ্ড কার্যকর হয়, তখন উক্ত দণ্ডই তার জন্য কাফফারা হয়ে যায়। (শারহুস্ সুন্নাহ্)[১]

ফুটনোট

[1] হাসান : শারহুস্ সুন্নাহ্ ২৫৯৪, আহমাদ ২১৮৭৬, সহীহাহ্ ২৩১৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (كَفَّارَتُهُ) তার অপরাধের কাফফারা হয়ে যায় তথা সেই গুনাহকে মিটিয়ে দেয়।

ইবনু হাজার 'আরবাঈন হাদীসের ব্যাখ্যায় বলেন, শুধু দণ্ড কায়ম করা কাফফারা স্বরূপ যেমন মুসলিমের হাদীস তবে তা দণ্ডের পাপের সাথে সংশ্লিষ্ট। আর তাওবাহ্ ছেড়ে দেয়ার দৃষ্টিতে তথা তাওবাহ্ না করলে দণ্ডও কাফফারা হিসেবে কার্যকর হবে না, সুতরাং অবশ্যই তাওবাহ্ করতে হবে। (মিশকাতুল মাসাবীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ খুযায়মাহ্ ইবনু ছাবিত আল আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68955>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন